THE KRESGE FOUNDATION Detroit Program








# ক্রেসগি ইনোভেটিভ প্রজেক্টসঃ ডেট্রয়েট

## রাউন্ড ৫ এর আবেদন করার নির্দেশিকা

জানুয়ারি ২০১৯

# KIP:D হলো এলাকাগুলির প্রতি আমাদের প্রতিশ্রুতির মূল ভিত্তি।





ক্রেসগি এর ডেট্রয়েট প্রোগ্রাম নাগরিক, অলাভজনক এবং ব্যবসায়িক অংশীদারদের সঙ্গে একত্রিত হয়ে আমাদের নিজেদের শহরের দীর্ঘমেয়াদী, ন্যায়সঙ্গত সুযোগ উন্নয়নে সহযোগীতামূলক কাজ করে। আমাদের কাজ করার কৌশলের অন্তর্ভুক্ত হচ্ছে স্থান-ভিত্তিক প্রচেষ্টা, যাতে ডেট্রয়েট এর আশেপাশের বাসিন্দাদের জীবনযাপন এবং শিল্প ও সংস্কৃতির উন্নয়ন, শৈশবকালের সঠিক বিকাশ, সম্প্রদায়ের উন্নয়ন এবং অন্যান্য শহরভিত্তিক গঠনতন্ত্রগুলোর উন্নয়ন শক্তিশালী করা।

**ক্রেসগি ইনোভেটিভ প্রজেক্টসঃ ডেট্রয়েট (KIP:D) উদ্যোগ** হচ্ছে এলাকাগুলোর প্রতি আমাদের প্রতিশ্রুতির একটি গুরুত্বপূর্ণ অংশ। এই উদ্যোগ "নতুন" নয় তবে এমন প্রকল্পগুলির জন্য রিসোর্স প্রদানের মাধ্যমে সম্প্রদায় অগ্রাধিকারের প্রাধান্য দিতে চায় যা **আমাদের আশেপাশের এলাকার জীবনমানের উন্নতির জন্য ডেট্রয়েটের বাসিন্দাদের দৃষ্টি ও সৃজনশীলতাকে সমর্থন করে।**

মিশিগান কমিউনিটি রিসোর্সেসের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে, আমরা আশা করছি যে KIP:D অনুদান গ্রহনকারী সম্প্রদায়ের এমন একটি দল হয়ে উঠবে যা একে অপরের কাছ থেকে শেখার সুযোগগুলিতে নিয়োজিত থাকবে, সম্প্রদায়ের বাসিন্দাদের মধ্য থেকে বলিষ্ঠ নেতৃত্বের একটি নেটওয়ার্ক বানিয়ে একসাথে কাজ করার মাধ্যমে ডেট্রয়েটের আশেপাশের এলাকাকে সমর্থন করা।

# কে একটি আবেদন জমা দিতে পারেন?

## সংস্থাটি অবশ্যইঃ

দি স্টেট অফ মিশিগান এর সাথে নিবিন্ধিত থাকবে, ডেট্রয়েট শহরে অবস্থিত হবে ও প্রাথমিকভাবে শহরের বাসিন্দাদের সেবা দান করবে।

ডেট্রয়েট এর বাসিন্দাদের সাথে কাজ এবং সেবা দান করার কমপক্ষে দুই বছরের অভিজ্ঞতা আছে।

আই আর এস 501 (c)(3) এর পদমর্যাদা থাকবে অথবা একটি কলেজ বা বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত হবে।

## সংস্থাটি হতে পারেনাঃ

একটি প্রাথমিক বা মাধ্যমিক বিদ্যালয়;

একটি ধর্মীয় দল (যাইহোক, বিশ্বাসভিত্তিক সংগঠন যেমন বিশ্বাসভিত্তিক সাম্প্রদায়িক উন্নয়ন সংস্থাগুলো আবেদন করতে পারে);

একটি মুনাফা অর্জনকারী সংস্থা; অথবা

একজন ব্যক্তি

যে সংস্থাসমূহ আবেদনের জন্য তাদের নিজস্ব মান্দন্ডগুলো পূরণ করতে পারেনা, তাদের আমরা উৎসাহিত করি তারা যেন রাজস্ব পৃষ্ঠপোষক সংস্থার ব্যাপারে বিবেচনা করে।

রাজস্ব পৃষ্ঠপোষক দ্বারা কৃত অনুদান আবেদনসমূহ হচ্ছে তা যেখানে একটি আবেদনকারী সংস্থা যখন আবেদন করার যোগ্যতার মাপকাঠি পূরণ করেনা, তখন তারা একটি যোগ্য সস্থার সাথে মিলে আবেদন করতে পারে। তবে এই ক্ষেত্রে, আর্থিক পৃষ্ঠপোষক সংস্থা প্রকল্প বাস্তবায়নে কোন সরাসরি ভূমিকা পালন করেনা। ধারনা প্রস্তাব করার সময় রাজস্ব পৃষ্ঠপোষক সংস্থাকে চিহ্নিত করার প্রয়োজন নেই, তবে পরিপূর্ণ আবেদন(বিবেচিত হলে)করার সময় অবশ্যই রাজস্ব পৃষ্ঠপোষক সংস্থার সাথে মিলে তা করতে হবে।

উপরন্তু, যদি একাধিক সংস্থা (যারা যোগ্যতার প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে পারে) একটি প্রকল্প প্রস্তাব উন্নয়ন এবং জমা দেওয়ার জন্য সহযোগিতা করতে চায়, আমরা আপনাকে একটি সহযোগী আবেদন জমা দেওয়ার জন্য উৎসাহিত করি। সম্মিলিত আবেদনগুলো হলো একটি প্রকল্প পরিচালনা করার জন্য দুই বা তার বেশি সংস্থার মধ্যে যৌথ প্রচেষ্টার সাথে একত্রিত অনুদান আবেদন। এই আবেদনগুলোতে একাধিক সংগঠন নেতৃত্ব প্রদানপূর্বক মালিকানা ভাগ করে নেয় এবং একে অপরের দক্ষতাকে কাজে লাগিয়ে একটি উচ্চ-গুণমানসম্পন্ন প্রকল্প বিকাশ ও বাস্তবায়নের করে।

# কি ধরনের প্রকল্প যোগ্য?

KIP:D ডেট্রোয়েটের আঞ্চলিক এলাকার প্রকল্পগুলোকে অনুদান তহবিল প্রদানেত প্রয়াস করে যা এলাকার অধিবাসীদের দৃষ্টি ও সৃজনশীলতাকে সমর্থন করে, এবং সমন্বিত, সহযোগী প্রক্রিয়া ব্যবহার করে যা সম্প্রদায়ের সদস্যদের পরিকল্পনা, ডিজাইন এবং বাস্তবায়নে কাজে লাগায়।

## কিপঃডি যা চায়ঃ



ডেট্রয়েট শহরের মধ্যে প্রতিষ্ঠিত নন-প্রফিট সংগঠন যা ডেট্রয়েট শহরের এবং তার আশেপাশের বাসিন্দাদের সেবা দান করে।



প্রকল্পগুলো এমন হবে যা ডেট্রয়েট শহরের আশেপাশে এবং তার বাসিন্দাদের জন্য জীবনের গুণমানের উপর একটি রূপান্তরমূলক প্রভাব ফেলবে।



প্রকল্পগুলো এমন হবে যা অধিবাসীদের অগ্রগতিকে অগ্রাধিকার দেয় এবং এর সংস্কৃতি, ইতিহাস এবং জনসংখ্যাতাত্ত্বিক প্রতিফলন ঘটায়।



কমিউনিটি সদস্যদের সকলের সহযোগী প্রক্রিয়ার মাধ্যমে দৃষ্টিভঙ্গির আকার লাভ করে।

## পূর্বে অনুদানপ্রাপ্ত প্রকল্পগুলোর উদাহরনঃ

- সৃজনশীল সবুজ ব্যবহারের মাধ্যমে খালি জায়গার নতুন আঙ্গিকে ব্যবহার করা
- চলাচল ব্যবস্থা উন্নত করতে রাস্থা ও পায়ে হাটার পথ বিনির্মাণ
- অধীনস্থ শূন্যস্থান সক্রিয় করতে এবং সম্প্রদায়ের ইতিহাস ও ঐতিহ্যকে তুলে ধরতে শিল্পকর্মের ব্যবহার।
- আশেপাশে এলাকাগুলোতে সংযোগ স্থাপনের জন্য তরুণদের নেতৃত্বে প্রচেষ্টাকে সহায়তা করা।
- সম্প্রদায়ের সদস্যদের ক্ষমতায়ন এমন বিষয়গুলির পক্ষে সমর্থন প্রদান করে যা তাদের সম্প্রদায়কে প্রভাবিত করে।
- এলাকার ভবনগুলোকে পূনঃনির্মাণ করে তা কমিউনিটির সমবেত স্থানে রূপান্তর করা।

**এবং আরও অনেক কিছু!**

# একটি KIP:D অনুদান কি কি কর্মকান্ড সমর্থন করে থাকে?

## KIP:D পরিকল্পনা এবং বাস্তবায়ন কার্যক্রম উভয়ই সমর্থন করে, যা অন্তর্ভুক্ত করতে পারে:

### পরিকল্পনা

যে সকল প্রকল্পের জন্য অধিবাসিদের যুক্ত করতে, প্ল্যান সুদৃঢ় করতে, সময়সীমা ও অতিরিক্ত অংশীদারদের সমেত সময় ও সংস্থানের প্রয়োজন হয়, এছাড়াও প্রকল্প পরিচালনা করতে যে নকশা, নকল অথবা ব্লু-প্রিন্ট তৈরীর প্রয়োজন হয়।

- অধিবাসীদের দ্বারা প্রকল্পের ধারণা এবং নকশা সাজাতে সম্প্রদায়ে প্রবৃত্তি কার্যক্রম চালানো;
- উচ্চতর পরিকল্পনা এবং সময়সীমা উন্নয়ন;
- প্রকল্প বাস্তবায়নের জন্য স্থপতি, পরামর্শদাতা, শিল্পী, এবং অন্যান্য অংশীদারদের সনাক্তকরণ;
- প্রকল্পের ভূমির জন্য জায়গার নিয়ন্ত্রণ সুরক্ষিত করা;
- প্রকল্পের বাস্তবায়নে অংশীদারদের সাথে চুক্তিনামা বুঝে নেয়া;
- প্রযুক্তিগত নথি, ব্লুপ্রিন্ট, প্রকল্প পরিকল্পনা এবং / অথবা সময়সীমার বিস্তারিত নকশা।

### বাস্তবায়ন

যে সকল প্রকল্পগুলো সমস্ত পরিকল্পনা কার্যক্রম সম্পন্ন করেছে এবং কার্যকর করার জন্য প্রস্তুত।

- সম্প্রদায়ের প্রবৃত্তি বাস্তবায়নের সকল পর্যায়ে বাসিন্দাদের জড়িত রাখা;
- প্রকল্পের বাস্তবিক নির্মাণ;
- প্রকল্পের অংশ হিসাবে সম্প্রদায়ের সদস্যদের জন্য পরিষেবা বা প্রোগ্রামিং প্রদান;
- প্রকল্পটির অংশ হিসাবে স্থানচ্যুতি কার্যক্রম।

আবেদনকারী নিম্নবর্ণিত একটির জন্য অর্থায়ন করতে পারে:

- **পরিকল্পনা অনুদান** ( ৩৫,০০০ ডলার পর্যন্ত);
- **বাস্তবায়ন অনুদান** ( ১৫০,০০০ ডলার পর্যন্ত);
- **একটি যৌথ পরিকল্পনা এবং বাস্তবায়ন অনুদান** ( ১৫০,০০০ ডলার পর্যন্ত)

প্রদত্ত কোনও প্রকার অনুদান ছাড়াও, আপনার সমস্ত অনুদান কার্যক্রমগুলি সম্পূর্ণ করার জন্য ২৪ মাস রয়েছে। যদি একটি আবেদনকারী পরিকল্পনা ও বাস্তবায়ন উভয়ের জন্য তহবিল প্রদান করে, তাহলে সংগঠনটি বাস্তবায়ন পর্যায়ে অর্থ প্রদানের আগে পরিকল্পনা কার্যক্রমগুলি সম্পন্ন করতে হবে।

# কিভাবে আবেদন করতে হবে ?

ক্রেসগি এর ডেট্রয়েট প্রোগ্রাম KIP:D এর উদ্যোগ আরো সহজবোধ্য করতে সক্রিয়ভাবে কাজ করছে। আগ্রহী সংস্থাগুলো এখন আমাদের অনলাইন Fluxx সিস্টেমে একটি সংক্ষিপ্ত ধারণা প্রস্তাব জমা দিয়ে আবেদন প্রক্রিয়া শুরু করতে পারবেন। সকল ধারণা প্রস্তাবনা পর্যালোচনা করা হলে, নির্বাচিত আবেদনকারীদের আরও বিস্তারিত প্রস্তাব জমা দেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে।

| জনুয়ারি মাসের ২৫ তারিখের মধ্যে | ফেব্রুয়ারী মাসের ৫ তারিখের মধ্যে | মার্চ | মে |
| --- | --- | --- | --- |
| অনলাইনে একাউন্ট নিবন্ধন করুন ও আপনার আবেদন করতে সাহায্য নিন | ধারনা প্রস্তাব জমা দেওয়া | যদি আমন্ত্রন জানানো হয়, তবে বিস্তারিত পূর্ণ আবেদন করা | অনুদান পুরস্কার প্রদান |

সম্ভাব্য আবেদনকারীদেরকে অবশ্যই ২৫ জানুয়ারির মধ্যে kresge.fluxx.io-এ Fluxx অ্যাকাউন্টের জন্য নিবন্ধন করতে হবে। )অতীতে আবেদনকারীদের ইতিমধ্যেই একটি অ্যাকাউন্ট তৈরি থাকবে(।

আপনার নিবন্ধীকরণের জন্য সহায়তার প্রয়োজন হলে দয়া করে **Kresge Program Operations Department**-এ যোগাযোগ করুণ।

এছাড়াও, আপনার KIP:D আবেদন সম্পূর্ণ করতে হায়তা করার জন্য আবেদন কর্মশালাগুলোর জন্য Michigan Community Resources-এর সাথে যোগাযোগ করুন।

- একটি সংক্ষিপ্ত ধারণা জমা দিন যা আপনার প্রজেক্টের চারটি ক্রমানুসারে প্রশ্নের উত্তর দেয় (পরবর্তী পৃষ্ঠায় বিস্তারিত)।

- ধারণা প্রস্তাবটি লিখিত আকারে বা ৩-৫ মিনিটের একটি ভিডিও হিসাবে জমা দিতে পারেন। আমরা আবেদনকারীদের তাদের আবেদনের জন্য সবচেয়ে বাস্তব এবং কার্যকর যে বিন্যাস ব্যবহার করতে উৎসাহিত করি।

- ধারণা প্রস্তাবগুলো পর্যালোচনা করার পরে, নির্বাচিত আবেদনকারীদের আরও বিস্তারিত প্রস্তাবনা পূরণ করে জমা দিতে আমন্ত্রণ জানানো হবে।

- এই সময়ে, আমন্ত্রিত আবেদনকারীদেরকে অতিরিক্ত প্রশ্নগুলোর উত্তর দিতে হবে এবং ডকুমেন্ট জমা দিতে বলা হবে, যেমন আর্থিক অডিট এবং বিস্তারিত বাজেট ।

-প্রস্তাবনাগুলো পর্যালোচনা এবং তাদের পকল্পগুলোর বিষয়ে আরও গভীরভাবে জানতে আবেদনকারীদের সাথে ফোনালাপের জন্য পৃথক পৃথক সময়সূচী গ্রহন করবে।

এই পর্যায়ে পর্যালোচনার পর, আমরা আশা করি ২০১৯ সালের মে মাসে KIP:D রাউন্ড ৫ এর পুরস্কার প্রাপ্তদের নাম ঘোষনা করব।

# কিভাবে একটি ধারণা প্রস্তাব জমা দিবেন

ধারণা প্রস্তাব অবশ্যই ক্রেসগি ফাউন্ডেশনের fluxx প্ল্যাটফর্মের মাধ্যমে kresge.fluxx.io-এ জমা দিতে হবে। যদি আপনার বর্তমানে fluxx-এ একটি অ্যাকাউন্ট না থাকে, তবে দয়া করে নিশ্চিত করুন যে শুক্রবার, ২৫ জানুয়ারী এর মধ্যে আপনি আপনার অ্যাকাউন্টের জন্য নিবন্ধন করবেন।

ধারণা প্রস্তাবের মধ্যে যা অবশ্যই অন্তর্ভুক্ত হওয়া উচিত ১) ৪ টি প্রশ্নের লিখিত বা ভিডিও প্রতিউত্তর এবং ২) অনুরোধের একটি চিঠি এবং নীচের বর্ণনা অনুযায়ী সাংগঠনিক বাজেটের বিশদ ব্যাখ্যা:

1

**লিখিত প্রতিউত্তর :** একটি সংক্ষিপ্ত বিবরণ (৮,০০০ এর বেশি অক্ষর নয়) যাতে প্রশ্নের উত্তর প্রতিফলিত হয়।

OR

**ভিডিও:** প্রশ্নের উত্তর দেয় যা ৫ মিনিটের বেশি সময় নেয়না এমন কোনও ভিডিও। ভিডিও পেশাগতভাবে তৈরি করতে হবে না এবং একটি মোবাইল ফোন থেকে ভিডিওগুলো করা যেতে পারে; উৎপাদন মানের উপর আবেদন পর্যালোচনার ক্ষেত্রে কোন একটি ফ্যাক্টর হবে না। YouTube এর ভিডিওটি লিঙ্ক সহ fluxx অ্যাপ্লিকেশনে আপলোড করা যেতে পারে।

- কিভাবে আপনার প্রতিষ্ঠান একটি ডেট্রয়েট সম্প্রদায়ের সেবা করেছে?
- আপনার প্রকল্পটি কী, এটি কোন সম্প্রদায়টির সেবা দান করে এবং দুই বছরের অনুদানের মেয়াদে প্রকল্পটি কীভাবে সম্প্রদায়কে অগ্রগামী করতে অগ্রাধিকার দেয়?
- আপনি কিভাবে আপনার প্রকল্পের মাধ্যমে আপনার সম্প্রদায়ের দীর্ঘমেয়াদী জীবন মান উন্নত করতে আশা করবেন?
- সামঞ্জস্যপূর্ণ, বস্তুনিষ্ঠ, এবং সমেত সম্প্রদায়ের অংশীদারিত্বের মাধ্যমে এই প্রকল্পের প্রস্তাবটি আকার প্রদানে কীভাবে সম্প্রদায়ের সদস্যরা জড়িত হয়েছে?

এবং

2

**সকল জমাকৃত আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে:**

- আনুষ্ঠানিকভাবে ধারণা প্রস্তাব জমা দেওয়ার নিশ্চয়তা প্রদানে প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সংস্থার লেটারহেডে অনুরোধের একটি সংক্ষিপ্ত চিঠি।

- বর্তমান বা সম্প্রতি সম্পন্ন অর্থবছরের জন্য বার্ষিক সাংগঠনিক বাজেট।

***এই নথির উদাহরন দেখতে দয়া করে পরিশিষ্ট দেখুন।***

# ধারণা প্রস্তাবগুলো মঙ্গলবার, ৫ ফেব্রুয়ারী, ২০১৯ তারিখ বিকাল ৫ টার মধ্যে জমা দিতে হবে।

জমা দেওয়ার পরে, ক্রেসগি কর্মীদের একটি কমিটি এবং সম্প্রদায়ের নেতারা আপনার প্রস্তাব পর্যালোচনা করবে। কমিটির সুপারিশের ভিত্তিতে, আমরা আবেদনকারীদের একটি অংশকে মার্চ মাসে আরো বিস্তারিত প্রস্তাব জমা দিতে আমন্ত্রণ জানাব। আমরা এই সময়ে নির্বাচিত না হওয়া আবেদনকারীদের সিদ্ধান্ত জানিয়ে এর জন্য একটি বিস্তারিত ব্যাখ্যা প্রদান করব।

আমরা পুরো ডেট্রয়েট জুড়ে একটি অত্যন্ত প্রতিযোগিতামূলক প্রস্তাব পেতে আশা করি।
প্রতিটি প্রস্তাবের জন্য যেভাবে পর্যালোচনা করা হবে:

## এ দ্বারা যা বুঝায়...

**- একটি ডেট্রয়েট সম্প্রদায়ের সেবাদানে প্রতিষ্ঠানের অতীত সাফল্য।**

**- প্রকল্পটি কিভাবে একটি ডেট্রয়েট সম্প্রদায়ের লক্ষ্য এবং অগ্রাধিকারগুলকে বেগবান করেছে।**

**KIP:D এমন একটি প্রকল্প সংজ্ঞায়িত করে যা সম্প্রদায়ের অগ্রাধিকারগুলিকে অগ্রসর করে যেখানে:**

- সম্প্রদায়ের অগ্রাধিকারগুলো ব্যাপক সম্প্রচারের মাধ্যমে চিহ্নিত করা হয়েছিল এবং সেই সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের একটি বিস্তৃত দল দ্বারা আকৃতিবদ্ধ ছিল।
- ধারণাটি কীভাবে এই সম্প্রদায়ের অগ্রাধিকারগুলো অনুদানের দুই বছরের সময়কাল সরাসরি এই প্রকল্পের দ্বারা সংযোজিত হবে তা দেখায়।

**- প্রকল্পটি সম্প্রদায়ের সংযোগ এবং জীবনের গুণমান উন্নত করবে এমন পরিমাণটি দীর্ঘমেয়াদে কেমন হবে।**

**সম্প্রদায়ের সংযোগ এবং জীবনযাত্রার মান উন্নত করতে এমন প্রকল্পগুলোর উদাহরণ অন্তর্ভুক্ত থাকতে পারে, যারা বাসিন্দাদের জন্য উন্নত ফলাফলের জন্য অবদান রাখে:** এটি সম্প্রদায়ের সদস্যদের মধ্যে সহযোগিতা এবং সমন্বয়কে উৎসাহিত করে; একটি সম্প্রদায়ের ইতিহাস এবং ঐতিহ্য উল্লেখপূর্বক তার গুনকীর্তন করা; নিরাপত্তা বৃদ্ধি করা; বাসিন্দাদের সামাজিক-অর্থনৈতিক গতিশীলতার অগ্রিম যে সুযোগ নিশ্চিত করা; তাদের সামগ্রিক স্বাস্থ্য এবং সুস্থতা উন্নত করত তার স্থান এবং সুযোগ নিশ্চিত করা।

**- সম্প্রদায়ের সদস্যদের দ্বারা এই প্রকল্পটি কতটুকু রূপায়িত হয়েছিল।**

**KIP: D ধারাবাহিক, বাস্তবসম্মত এবং সমেত সম্প্রদায়ের অংশীদারিত্বকে প্রবৃত্তি হিসাবে সংজ্ঞায়িত করে:**

১। শুধু একটি একক ইভেন্ট নয়, তবে অধিবাসীদের একটি বিস্তৃত দল এবং স্টেকহোল্ডারদের সমেত বিশ্বাস গড়ে তোলার নিমিত্তে একাধারে কিছু সম্প্রদায় সভা করতে হবে;
২। প্রকল্পের লক্ষ্য এবং ক্রিয়াকলাপগুলোকে আকারে রূপান্তরিত করার জন্য স্টেকহোল্ডারদের তাদের সম্মিলিত আওয়াজকে শক্তিশালী করা;
৩। নম্রভাবে শোনে, প্রতিক্রিয়া অন্তর্ভুক্ত করে এবং বাস্তবসম্মতভাবে সিদ্ধান্ত নেওয়ার জন্য সম্প্রদায়ের সকলের অংশগ্রহণের ক্ষমতাকে প্রদান করে কোন প্রোগ্রাম নকশা করা এবং প্রয়োগ করা হয় তা কেবলমাত্র যেন প্রতীকী অঙ্গভঙ্গি নয় যা কিনা প্রকল্পে কোনও কার্যকর প্রভাব ফেলে না।

# জাতিগত সমতা বিধানে ক্রেসগি ডেট্রয়েট প্রোগ্রাম এর প্রতিজ্ঞা

আমাদের কাজ এবং সম্প্রদায়ের মধ্যে ডেট্রয়েট প্রোগ্রাম দল জাতিগত সমতা বিধানকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে জাতিগত সমতা বিধান ও ক্ষমতায়নের নীতিগুলো প্রয়োগে আমাদের চলমান প্রক্রিয়াকে কেন্দ্র করে থাকে এই প্রতিশ্রুতিটি যা আমাদের কাজের ধারা ক্রমাগতভাবে উন্নতি করার প্রয়াশ পায়।

ডেট্রয়েটের মধ্যে চ্যালেঞ্জ শুধুমাত্র বর্তমান সমস্যা সম্পর্কে নয়। মার্কিন যুক্তরাষ্ট্রের সকল অংশগুলোর মতই এগুলো গভীর ও জটিল সাংগঠনিক বর্ণবাদ ও পক্ষপাত থেকে দানা বাঁধে। এই চলমান বিষয়ের মাধ্যমে প্রকাশ পায় আমাদের সমাজ সম্প্রদায়গুলোতে কীভাবে বিনিয়োগ করেছে - ও করেনি। এই উত্তরাধিকারের সমালোচনা লক্ষ্যে সামাজিক ন্যায়বিচার আন্দোলনগুলোর মধ্যে নিহিত যা সাম্প্রদায়িক সম্পৃক্ততা ও ক্ষমতায়নের মাধ্যমে একটি সাম্যবাদী ভবিষ্যতের প্রয়াস করে। ডেট্রয়েটের সকল নাগরিকগন পুরোপুরি বিকশিত হতে হলে, আমরা স্বীকার করি যে একটি সম্প্রদায় হিসেবে শহরের চ্যালেঞ্জগুলোর মূল কারণগুলো মোকাবেলা করতে হবে। এই কারণে, ক্রেসগি ডেট্রয়েট প্রোগ্রাম তার জাতিগত সমতা বিধানের কাজটি গভীরতর করছে।

### *আমাদের কাজে জাতিগত সমতার সংজ্ঞা*

আমরা বুঝতে পারি এবং শুধুমাত্র ফলাফলগুলোতে নয় পরন্তু আমরা কিভাবে আমাদের কাজ করি তাতেও জাতিগত সমতা উন্নীত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। ফলাফলগুলো দ্বারা, আমাদের অর্থ এই যে, কোন জাতির দ্বারা এটা স্থির করা উচিত নয় যে আমাদের শহরকে কে ভাল কিছু দিতে পারে। আমাদের কাজ সম্পর্কে, আমরা বুঝতে পারি যে জাতিগত সমতা প্রতিফলিত করার জন্য আমাদের নিজস্ব অভ্যাস এবং প্রোগ্রামগুলো গড়ে তোলা প্রয়োজন। আমরা সমতা, সাংগঠনিক বর্ণবাদ ও ক্ষমতার বিষয়ে নতুন, কঠিন প্রশ্ন করে এবং কাজের অগ্রগতির জন্য একটি দল হিসাবে ইচ্ছাকৃত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে অন্যদের কাছ থেকে অন্বেষণ এবং শিখার মাধ্যমে জাতিগত সমতা অনুসরণ করি।

### *আমাদের অঙ্গীকার*

আমরা এই কাজ এগিয়ে নেয়ার জন্য যখন কাজ করছি, আমরা উল্লিখিত নীতিগুলো কার্যকরী করতে অঙ্গীকারবদ্ধ: শিখতে প্রথম শুনুন; নম্র ব্যবহার, শ্রদ্ধাশীল হওয়া এবং সমন্বিত করা; চ্যালেঞ্জিং শক্তি বিবরণ করা, আমাদের নিজেদের অন্তর্ভুক্ত করা; এবং অভিপ্রায়ের নয়ে কাজ করা।

**KIP:D এর মাধ্যমে, আমরা এই নীতিগুলো প্রয়োগে প্রতিশ্রুতিবদ্ধ এজন্য বিশেষ করে এমন প্রতিষ্ঠানগুলোর সাথে আমরা অংশীদারিত্বের খোঁজ করি যারা ক্ষমতার গঠনতন্ত্রগুলো এবং অর্থায়ন সুযোগসুবিধাগুলো ব্যবহার করার জন্য ঐতিহ্যগতভাবে অসুবিধার সম্মুখীন হয়েছেন।**

# পরিশিষ্ট

# পরিকল্পনা এবং বাস্তবায়ন অনুদান

## আমি কোন পরিকল্পনা বা বাস্তবায়ন অনুদানের জন্য আবেদন করা উচিত কিনা তা কিভাবে নির্ধারণ করব?

- পরিকল্পনা অনুদানগুলো ব্যবহার করা হয়:
  - নকশা পরিকল্পনা বা সম্প্রদায়ের দেয়া প্রকল্পের ধারণা থেকে উন্নয়ন।
  - স্থাপত্য বা নির্মাণের ধারণা বা নীলনকশা ( প্রকৃত প্রকল্পগুলোর জন্য), অথবা অ-ভৌত প্রকল্পগুলোর জন্য নকশা প্রোগ্রামিং এর উন্নয়ন ও প্রক্রিয়া।
  - সম্প্রদায়ের সদস্যদের প্রকল্পের নকশা রূপায়নে অংশগ্রহন নিশ্চিত করার জন্য কমিউনিটি প্রবৃত্তি।
- একটি বাস্তবায়ন অনুদানের জন্য প্রযোজ্য প্রকল্পগুলি ইতিমধ্যেই উপরোল্লিখিত পরিকল্পনা কার্যক্রম সম্পন্ন করা উচিত
- আপনাকে একটি পরিকল্পনা বা বাস্তবায়ন অনুদানের জন্য আবেদন করতে উৎসাহিত করা হয়। আপনি একটি যৌথ পরিকল্পনা এবং বাস্তবায়ন অনুদান জন্য আবেদন করতে পারেন, যদি আপনি অনুদান পুরষ্কার পাওয়ার ২৪ মাসের মধ্যে উভয় পর্বের (জুন / জুলাই ২০২০ সালের মধ্যে) কাজ সম্পূর্ণ করতে পারেন।

## যদি আমি পরিকল্পনা ও বাস্তবায়ন উভয়ের জন্য তহবিল প্রাপ্ত হই, তাহলে কিভাবে অর্থ প্রদান করা হবে?

- যদি আপনি পরিকল্পনা ও বাস্তবায়ন উভয়ের জন্য আবেদন করেন এবং তহবিল প্রাপ্ত হোন, তাহলে আপনাকে অনুদান পুরস্কারের অর্থ পরিকল্পনার জন্য প্রদান করা হবে। একবার আপনার পরিকল্পনা কার্যক্রম সম্পন্ন হয়ে গেলে, আপনি বাস্তবায়ন পর্যায়ের অর্থ পাবেন।
- পরিকল্পনা পর্যায়ের সমাপ্তি হওয়া সুনির্দিষ্ট লক্ষ্যের উপর ভিত্তি করে বিশেষভাবে আপনার প্রকল্পের জন্য উপযুক্ত হয়। একবার আপনার প্রকল্প পরিকল্পনা সম্পন্ন করার জন্য সুনির্দিষ্ট লক্ষ্য পূরণ হয়ে গেলে, আপনি আপনার প্রোগ্রাম অফিসার বরাবর একটি প্রতিবেদন জমা দেবেন। সেই সময়ে, আমরা আপনার প্রকল্পটি কীভাবে এগোচ্ছে তা নিয়ে একটি সহযোগিতামূলক কথোপকথনের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন করতে এগিয়ে যাওয়ার জন্য আমরা আপনার প্রকল্পকে সর্বোত্তমভাবে সমর্থন করতে পারি সেদিকে নজর দেব।

## যদি আমাকে একটি পরিকল্পনা অনুদান প্রদান করা হয়, আমার কি ভবিষ্যতে একটি বাস্তবায়ন গ্রান্ট পাওয়া নিশ্চিত?

না। তবে, যদি আপনি রাউন্ড ৪ এর জন্য একটি পরিকল্পনা অনুদান পেয়ে থাকেন, তবে আপনাকে KIP- D এর আবেদন করার পরবর্তী রাউন্ডে একটি বাস্তবায়ন অনুদানের জন্য আবেদন করতে উৎসাহিত করা হয়।

# নমুনা বাজেট উদাহরণ

## রাজস্ব

| তালিকা | বাজেট | আসল (প্রযোজ্য হলে) |
|---|---|---|
| উদাহরণস্বরূপ: ব্যক্তিগত দান | ৫০,০০০ | ৭০,০০০ |
| উদাহরণস্বরূপ: অনুদান তহবিল | ১০০,০০০ | ১২০,০০০ |
| | | |
| মোট | | |

## ব্যয়

| তালিকা | বাজেট | আসল (প্রযোজ্য হলে) |
|---|---|---|
| উদাহরণস্বরূপ: বেতন এবং মুনাফা | ৮০,০০০ | ৯৫,০০০ |
| উদাহরণস্বরূপ: দালান কোঠার রক্ষণাবেক্ষণ | ৭০,০০০ | ১০০,০০০ |
| | | |
| মোট | | |

| | |
|---|---|
| মোট প্রকৃত আয় | ১৯০,০০০ |
| মোট প্রকৃত ব্যয় | ১৯৫,০০০ |
| জমা | (৫,০০০) |

# অনুরোধ নমুনা পত্র

সংগঠন লেটারহাইড

ক্রেসগি ফাউন্ডেশন
3215 W বিগ বিভার রোড
ট্রয়, এমআই 48084

যার জন্য এটি প্রযোজ্য হতে পারে:

আমি ক্রেসগি ইনোভেটিভ প্রোজেক্টসঃ ডেট্রয়েট অনুদান (টাকার পরিমান লিখুন) এর জন্য আমার প্রতিষ্ঠানের আবেদন নিশ্চিত করতে লিখছি। আমি আপনার কাছ থেকে উত্তর শুনার অপেক্ষায় থাকব।

ধন্যবাদ।

<সংগঠনের সিইও এর নাম এবং স্বাক্ষর সংযুক্ত করুন>